ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: mymensinghpbs2.org.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৪৫.০১.০১৩.১৮, ৫৯৫০ তারিখঃ-২২-১১-২০১৮ইং

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) গনের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০২	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	১৪,৭০০/- হইতে ২৬৪৮০/- ও পবিস নীতিমালা মোতাবেক অন্যান্য সুবিধাদি।	ক) শিক্ষাগত যোগ্যতাঃ- এস এস সি/সমমান। খ) বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫৫(পঞ্চান্ন) বছর (০৫-১২-২০১৮ খ্রিঃ)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করিতে পারবেন। গ) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীকে মিটার রিডার (চুক্তিভিত্তি)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। ঙ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দান করা হইবে। চুক্তিকালীন সময়ে কর্মমুল্যায়ন ও পুলিশ ভেরিভিকেশন প্রতিবেদন (ইতিপূর্বে তদন্ত করা না হইলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ কর্মদিবস বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছরের মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সন্তোষজনক সাপেক্ষে পূনরায় আরো ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে কোন অবস্থায় (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর চুক্তির মেয়াদ অথবা বয়স ৫৫ (পঞ্চান্ন) বছরের বেশি (যাহা আগে আসে) অত্র পবিসে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

শর্তাবলীঃ-

০১। আবেদনকারীগণ আবেদন ফরম ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.mymensinghpbs2.org.bd) হতে **আবেদন ফরম (ফরম নং- পমাসপ-১১০-০০২,ভার্সন-০১)** ডাউনলোড অথবা ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমুহের সদর দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক নিজ হাতে যথাযথ ভাবে পূরণ করে আগামী ০৫-১২-২০১৮খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাঠালী,ভালুকা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদন পত্রের সহিত নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র,

(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ,

(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি ,

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র ,

(ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি ,

(চ) পূর্ববর্তী পবিস কর্তৃক প্রদত্ত সর্বশেষ বেতনের প্রত্যায়ন (এজিএম (প্রশাসন/এইচ আর)কর্তৃক সত্যায়িত কপি)।

(ছ) পূর্ববর্তী সকল পবিসের অভিজ্ঞতার সনদ (প্রত্যেক পবিসের সংশ্লিষ্ট এজিএম (প্রশাসন/এইচ আর)কর্তৃক সত্যায়িত কপি)।

০৩। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০/-(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা করিতে হবে,যা সন্তোষজনক চুক্তি সম্পাদনে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরৎ দেয়া হবে ;

০৪। আবেদন পত্রের সহিত সংযুক্ত সকল কাগজপত্র (চ ও ছ ব্যতিত) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম সম্বলিত সীল থাকিতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৬। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন নিয়োগপ্রাপ্ত হইলে তাহার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিক ভাবে বরখাস্তকরনসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটাররিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)পদে ০৯ বৎসর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ময়মনসিংহ জেলা,ও গাজীপুর জেলার শ্রীপুর,গাজীপুর,উপজেলায় স্থায়ী ভাবে বসবাসরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই।

১০। ইতপূর্বে স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৪৫.০১.০১৩.১৮.১০৩৮,তারিখ-১৮-০২-২০১৮ এর বিপরীতে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

১১। সাক্ষৎকারের সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১২। অসম্পূর্ণ / ভুল আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানজোর

অনুলিপিঃ(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃপঃ(উঃঅঃ/কেঃঅঃ/পূঃঅঃ/দঃঅঃ) পরদিপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচবি, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোড, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানজোর/জেনারেল ম্যানজোর, সকল পবসি ।
০৫। ডিজি এম, মাওনা/গফরগাও/শ্রীপুর জোনাল অফিস,মপবসি-২।
০৬। এজিএম(ওএন্ডএম)বাটাজুর/ত্রিশাল সাব-জোনাল অফসি,মপবিস-২।
০৭। এজিএম(এম,এস/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম), ময়মনসিংহ পবসি-২।
০৮। নোটিশ র্বোড, ময়মনসিংহ পবসি-২।

(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানজোর